দৈনিক
ইত্তেফাক

তারিখ 29 DEC 2016
পৃষ্ঠা ১৯ কলাম ১

# আজ জাবি শিক্ষক সমিতির নির্বাচন

■ জাবি সংবাদদাতা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবি) শিক্ষক সমিতির নির্বাচন আজ বৃহস্পতিবার অনুষ্ঠিত হবে। শিক্ষক ক্লাবে সকাল নয়টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত ভোট চলবে। গতকাল বুধবার নির্বাচন কমিশনার ও নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের অধ্যাপক এ কে এম আবুল কালাম এ তথ্য জানান।

এবারের নির্বাচনে আওয়ামীপন্থি শিক্ষকদের সংগঠন 'বঙ্গবন্ধু আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী প্রগতিশীল শিক্ষক সমাজ' ও বিএনপিপন্থি শিক্ষকদের সংগঠন 'বহুদলীয় গণতন্ত্র, স্বাধীনতা-সার্বভৌমত্ব ও বাংলাদেশি জাতীয়তাবাদে বিশ্বাসী শিক্ষক' এই দুটি প্যানেলে অনুষ্ঠিত হবে। ১৫টি পদে আওয়ামীপন্থি শিক্ষকদের পক্ষ থেকে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন- সভাপতি অধ্যাপক ফরিদ আহমদ (পদার্থ বিজ্ঞান বিভাগ), সাধারণ সম্পাদক সহযোগী অধ্যাপক ফরিদ আহমেদ (দর্শন)। অন্যদিকে বিএনপিপন্থি শিক্ষকদের প্যানেল থেকে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন-সভাপতি অধ্যাপক মো. শামছুল আলম (সরকার ও রাজনীতি বিভাগ), সাধারণ সম্পাদক পদে সহযোগী অধ্যাপক মো. জামাল উদ্দীন রুনু (পরিবেশ বিজ্ঞান)।